



বাংলাদেশ ডায়াবেটিক সমিতি

DIABETIC ASSOCIATION OF BANGLADESH

স্মারক নং-বাডাস/সচিবালয়/ফাইল নং-৭২(৩)/২০২১/১০৬

২৯ এপ্রিল ২০২১

✓ ড. বিশ্বজিত ভৌমিক

কো-অর্ডিনেটর

সেন্টার ফর গ্লোবাল হেলথ রিসার্চ

বাংলাদেশ ডায়াবেটিক সমিতি (বাডাস)।

বিষয়: ধন্যবাদ পত্র।

প্রিয় বিশ্বজিত ভৌমিক,

সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং বিভাগ সমূহের কর্মকর্তাগণের সঙ্গে ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ এবং তাঁদের সঙ্গে কাজের মাধ্যমে আপনি তাঁদের আস্থা ও সন্তুষ্টি অর্জনে সক্ষম হয়েছেন। ফল স্বরূপ অতি সম্প্রতি আপনি (৬) ২০২০-২০২১ অর্থ বছরে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর “অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ থেকে” ঢাকা জেলা পরিষদের নিকট থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শত বার্ষিকী ও বাংলাদেশের ৫০ বছর উদযাপন উপলক্ষে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির দেশজুড়ে অসংক্রামক রোগ (ডায়াবেটিস) প্রতিরোধ বিষয়ক স্বাস্থ্যসেবা ও সচেতনতা সৃষ্টির উদ্যোগ “কান্দি চেঞ্জিং ডায়াবেটিস” প্রকল্পটির সেবা কার্যক্রম সম্প্রসারণের জন্য ৳ ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা এবং (খ) স্বাস্থ্য অধিদপ্তরের নন-কমিউনিকেশন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামের মাধ্যমে Doctors, Nurses, Para health professionals (SACMO, Medical Technologists etc.) on Diabetes & Hypertension Management বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য ৳ ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকাসহ সর্বমোট ৳ ৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা বাংলাদেশ ডায়াবেটিক সমিতির জন্য অনুদান হিসেবে আনার কারণে গত ২৭ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত বাডাস ন্যাশনাল কাউন্সিলের ৬৬২তম সভায় আপনাকে ধন্যবাদ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। বাংলাদেশ ডায়াবেটিক সমিতি আশা করে যে আপনি আপনার কর্মকালে এরূপ গঠনমূলক কাজ অব্যাহত রাখবেন এবং ডায়াবেটিক সমিতির কাজের মাধ্যমে সম্মান বয়ে আনবেন।

০৩। এ ধন্যবাদ পত্রের একটি অনুলিপি আপনার Dossier-এ সংরক্ষণের জন্য ন্যাশনাল হেলথকেয়ার নেটওয়ার্ক (এনএইচএন)-এর প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) বরাবর প্রেরণ করা হচ্ছে।

আন্তরিক শুভেচ্ছান্তে-

(মোহাম্মদ সাইফ উদ্দিন)

মহাসচিব

(অধ্যাপক এ কে আজাদ খান)

সভাপতি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ০১। ন্যায়পাল, বাডাস।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), এনএইচএন।
- ০৩। অফিস কপি।